# বসুন্ধরা সিটিতে অনুমোদিত নকশা লঙ্ঘনের অভিযোগ রাজউকের



সংগৃহীত ছবি

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) বসুন্ধরা সিটি ডেভেলপমেন্ট লিমিটেডকে অনুমোদিত নকশা লঙ্ঘন করে বেজমেন্টের গাড়ি পার্কিং এলাকা বাণিজ্যিকভাবে ব্যবহারের অভিযোগে চূড়ান্ত নোটিশ দিয়েছে। এ বিষয়ে রাজউকের জোন-৫ কার্যালয় থেকে আজ বৃহস্পতিবার ( ৩০ জুলাই) নোটিশ জারি করা হয়েছে।

রাজউকের পরিচালক (জোন-৫) কার্যালয়ের অথরাইজড অফিসার ইঞ্জিনিয়ার মোহাম্মদ তাজুল ইসলামের স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে বলা হয়, অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS)-এ দাখিল হওয়া অভিযোগ, পূর্বে জারি করা কারণ দর্শানোর নোটিশ এবং শুনানির সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে এ নোটিশ দেওয়া হয়েছে।

বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়, বসুন্ধরা সিটি ডেভেলপমেন্ট লিমিটেড অনুমোদিত নকশার বিপরীতে বেজমেন্ট-১ ও বেজমেন্ট-২-এর গাড়ি পার্কিংয়ের নির্ধারিত অংশে দোকান ও মোবাইল মার্কেট পরিচালনা করছে। এছাড়া অনুমোদিত নকশার বাইরে অতিরিক্ত নির্মাণসহ ইমারত নির্মাণ বিধিমালার বিভিন্ন শর্ত লঙ্ঘনের অভিযোগ পাওয়া গেছে।

রাজউক জানায়, অভিযোগের বিষয়ে শুনানি শেষে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নকশাবহির্ভূত স্থাপনা ও অবৈধ ব্যবহার অপসারণের নির্দেশ দেওয়া হয়। তবে তা বাস্তবায়ন না হওয়ায় পুনরায় চূড়ান্ত নোটিশ জারি করা হয়েছে।

নোটিশে আরও বলা হয়েছে, নির্ধারিত সময়ের মধ্যে অবৈধ নির্মাণ ও নকশাবহির্ভূত ব্যবহার অপসারণ না করলে ইমারত নির্মাণ আইন, ১৯৫২ এবং ঢাকা মহানগর ইমারত (নির্মাণ, উন্নয়ন, সংরক্ষণ ও অপসারণ) বিধিমালা, ২০০৮ অনুযায়ী প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে।